West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

PART – II

HISTORY — HONOURS

Paper – III

(NEW & OLD SYLLABUS)

Duration : 4 Hours] [Full Marks : 100

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক।

(NEW SYLLABUS)

Answer Question No. **1** and any *four* of the rest.

১নং প্রশ্ন এবং অন্য যে কোন **চারটি** প্রশ্নের উত্তর দিন।

Group – A

বিভাগ - ক

1. Answer any *four* of the following questions : 4 × 5 = 20

যে কোন **চারটি** প্রশ্নের উত্তর দিন :

a) How would you assess Abul Fazl as a historian ?

ঐতিহাসিক হিসেবে আবুল ফজলকে আপনি কিভাবে মূল্যায়ন করবেন ?

b) Was Din-i-Ilahi a new religion ?

দীন-ই-ইলাহী কি কোন নতুন ধর্ম ছিল ?

c) What do you understand by the 'Deccan Ulcer' ?

'দাক্ষিণাত্য ক্ষত' বলতে আপনি কি বোঝেন ?

d) What were the implications of the Battle of Buxar ?

বক্সারের যুদ্ধের গুরুত্ব কি ছিল ?

e) What was the nature of inland private trade ?

অন্তর্দেশীয় ব্যক্তিগত বাণিজ্যের প্রকৃতি কি ছিল ?

f) What was the significance of the Treaty of Amritsar ?

অমৃতসরের সন্ধির তাৎপর্য কি ছিল ?

g) Discuss the limitations of the Young Bengal Movement.

নব্যবঙ্গ আন্দোলনের সীমাবদ্ধতা সম্পর্কে আলোচনা করুন।

h) What does the term 'deindustrialization' signify ?

'অবশিল্পায়ন' শব্দের অর্থ কি ?

Group – B

বিভাগ - খ

Answer any *four* of the following questions. 4 × 20 = 80

যে কোন **চারটি** প্রশ্নের উত্তর দিন।

2. Discuss the main features of Mansabdari system during Akbar's reign.

আকবরের রাজত্বকালে মনসবদারি ব্যবস্থার বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন।

3. Critically analyse the character of peasant rebellions during Mughal period.

মুঘল যুগে কৃষক বিদ্রোহগুলির চরিত্র সমালোচনামূলকভাবে বিশ্লেষণ করুন।

4. What is meant by 'Karkhana' in Mughal India ? Explain in this connection, the role of artisans in non-agricultural production in Mughal India. 10 + 10

মুঘল ভারতে 'কারখানা'র অর্থ কি ? এই প্রসঙ্গে মুঘল ভারতে অকৃষি উৎপাদনে কারিগরদের ভূমিকা বিশ্লেষণ করুন।

5. Discuss the characteristics of the Maratha administrative system under Shivaji.

শিবাজীর অধীনে মারাঠা প্রশাসনিক ব্যবস্থার বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন।

6. Discuss the reasons behind the conflict between Siraj-ud-daula and the English East India Company. What was the significance of the Battle of Plassey ? 10 + 10

সিরাজ-উদ-দৌলা ও ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর বিরোধের কারণগুলি আলোচনা করুন। পলাশীর যুদ্ধের তাৎপর্য কি ছিল ?

7. Why did Lord Cornwallis introduce the Permanent Settlement in Bengal ? Briefly discuss its impact upon agrarian society. 10 + 10

লর্ড কর্ণওয়ালিস কেন বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন ? কৃষি সমাজের ওপর এর প্রভাব সংক্ষেপে আলোচনা করুন।

8. Discuss the socio-religious reform movements in Bengal in the first half of the 19th Century.

উনিশ শতকের প্রথমার্ধে বাংলায় সামাজিক ও ধর্মীয় সংস্কার আন্দোলনগুলি আলোচনা করুন।

9. Analyse the nature of the movement initiated by the Derozians in Bengal.

বাংলায় ডিরোজিওপন্থীরা যে আন্দোলনের সূচনা করেছিলেন তার প্রকৃতি বিশ্লেষণ করুন।

10. Do you think that the reforms of Lord William Bentinck were influenced by the utilitarian ideas ?

আপনি কি মনে করেন যে লর্ড বেন্টিঙ্কের সংস্কারসমূহ হিতবাদী আদর্শের দ্বারা প্রভাবিত হয়েছিল ?

(OLD SYLLABUS)

Answer Question No. **1** and any *four* of the rest.

১নং প্রশ্ন এবং অন্য যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন।

Group – A

বিভাগ - ক

1. Answer any *four* of the following questions : 4 × 5 = 20

যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন :

a) What was meant by Manorialism ?

ম্যানর প্রথা বলতে কি বোঝায় ?

b) What were the motives behind geographical expeditions ?

ভৌগোলিক অভিযানগুলির পশ্চাতে উদ্দেশ্য কি ছিল ?

c) Write a short note on the 'Peasant War in Germany'.

'জার্মানীতে কৃষক বিদ্রোহ'-এর উপর একটি সংক্ষিপ্ত টীকা লিখুন।

d) Who were the Huguenots ?

হিউগেনো কারা ছিলেন ?

e) What do you mean by the Copernican Revolution ?

কোপারনিকান বিপ্লব বলতে কি বোঝেন ?

f) What was 'Eleven Year's Tyranny' in the history of England ?

ইংল্যান্ডের ইতিহাসে 'এগারো বছরের স্বৈরাচার' বলতে কি বোঝায় ?

g) Were the Levellers really democratic ?

লেভেলাররা কি প্রকৃতই গণতান্ত্রিক ছিলেন ?

h) How did Locke define the nature of an ideal government ?

লক কিভাবে একটি আদর্শ সরকারের রূপরেখা তৈরী করেছিলেন ?

Group – B

বিভাগ - খ

Answer any *four* of the following questions. 4 × 20 = 80

যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন।

2. What were the chief attributes of the feudal political system ? Were there any regional variations in it ? 14 + 6

সামন্ততান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার প্রধান বৈশিষ্ট্যগুলি কি ছিল ? এক্ষেত্রে কোনো আঞ্চলিক বৈচিত্র্য ছিল কি ?

3. Describe the varied activities of the merchants in the sixteenth century. How did they begin to control artisanal production ? 10 + 10

ষোড়শ শতকে বণিকদের বিচিত্র কর্মকাণ্ডের পরিচয় দিন। তারা কিভাবে কারিগরী উৎপাদন নিয়ন্ত্রণ করতে শুরু করেছিল ?

4. How far did humanism create a secular vision of life ? To what extent was it reflected in Renaissance paintings and sculptures ? 10 + 10

মানবতাবাদী চেতনা একটি ধর্মনিরপেক্ষ জীবনবোধ সৃষ্টি করতে কতখানি সফল হয়েছিল ? কিভাবে তা রেনেসাঁস চিত্রাঙ্কন ও ভাস্কর্য শিল্পের মধ্য দিয়ে প্রতিফলিত হয়েছিল ?

5. What social factors accounted for the demand for 'Printed books' in the towns of early modern Europe ? How did the printing revolution have important cultural consequences ? 12 + 8

প্রাক্-আধুনিক ইউরোপীয় নগরগুলিতে 'মুদ্রিত পুস্তকের' ক্রমবর্ধমান চাহিদার পশ্চাতে কি সামাজিক শর্ত কাজ করেছিল ? মুদ্রণ বিপ্লবের গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক ফলশ্রুতি কি ছিল ?

6. Explain how the Spanish Empire in the New World became vast and settled mining community. How did the American gold and silver affect the European economic life ? 12 + 8

নতুন বিশ্বে স্পেনীয় সাম্রাজ্য কিভাবে একটি বিশাল ও স্থায়ী খনি অঞ্চলভিত্তিক জনসমাজে পরিণত হয় ? আমেরিকার সোনা ও রূপো কিভাবে ইউরোপের অর্থনৈতিক জীবনকে প্রভাবিত করে ?

7. Assess the contribution of Martin Luther to the German Reformation.

জার্মান ধর্মসংস্কার আন্দোলনে মার্টিন লুথারের অবদানের মূল্যায়ন করুন।

8. How revolutionary was the scientific revolution ?

বিজ্ঞান বিপ্লব কতখানি বৈপ্লবিক ছিল ?

9. Would you say that there was an agricultural revolution in seventeenth century Europe ?

আপনি কি মনে করেন যে সপ্তদশ শতকে ইউরোপে একটি কৃষিবিপ্লব হয়েছিল ?

10. Analyse the nature of the 'English Civil War'.

'ইংল্যান্ডের গৃহযুদ্ধ'-এর প্রকৃতি বিশ্লেষণ করুন।

West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

PART – II

HISTORY — HONOURS

Paper – IV

(NEW & OLD SYLLABUS)

Duration : 4 Hours] [Full Marks : 100

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক।

(NEW SYLLABUS)

Answer Question No. **1** and any *four* of the rest.

১নং প্রশ্ন এবং অন্য যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন।

Group – A

বিভাগ - ক

1. Answer any *four* of the following questions : $4 \times 5 = 20$

যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন :

a) What was the impact of the 'Black Death' on European economy ?

ইউরোপীয় অর্থনীতির উপর 'কৃষ্ণ মৃত্যু'-র প্রতিক্রিয়া কি ছিল ?

b) What do you mean by the 'Military Revolution' in early modern Europe ?

আধুনিক ইউরোপের আদিপর্বে 'সামরিক বিপ্লব' বলতে কী বোঝেন ?

c) What were the features of humanist education ?

মানবতাবাদী শিক্ষার বৈশিষ্ট্যগুলি কি ছিল ?

d) Who were the Huguenots ?

হিউগেনো কারা ছিলেন ?

e) What do you mean by the Tudor Revolution in government ?

শাসনব্যবস্থার ক্ষেত্রে টিউটর বিপ্লব বলতে কী বোঝেন ?

f) Were the Levellers really democratic ?

লেভেলাররা কি যথার্থই গণতান্ত্রিক ছিলেন ?

g) What was Galileo's contribution to modern science ?

আধুনিক বিজ্ঞানে গ্যালিলিওর অবদান কি ছিল ?

h) How did Locke define the nature of an ideal government ?

লক কিভাবে একটি আদর্শ সরকারের রূপরেখা তৈরী করেছিলেন ?

Group – B

বিভাগ - খ

Answer any *four* of the following questions. 4 × 20 = 80

যে কোন **চারটি** প্রশ্নের উত্তর দিন।

2. Internal contradictions or long distance trade — which was mainly responsible for the fall of Feudalism in Western Europe ?

আভ্যন্তরীণ স্ববিরোধ না দূরপাল্লার বাণিজ্য — পশ্চিম ইউরোপে সামন্ততন্ত্রের পতনের জন্য কোন্‌টা বেশী দায়ী ছিল ?

3. What do you mean by 'Price Revolution' ? What was its impact on 16th century European economy and society ? 8 + 12

'মূল্য বিপ্লব' বলতে কি বোঝেন ? ষোড়শ শতকের ইউরোপের অর্থনীতি ও সমাজের উপর এর কি প্রভাব ছিল ?

4. Describe the varied activities of the merchants in the sixteenth century. How did they begin to control artisanal production ? 12 + 8

ষোড়শ শতকে বণিকদের বিচিত্র কর্মকাণ্ডের পরিচয় দিন। তারা কিভাবে কারিগরদের উৎপাদন নিয়ন্ত্রণ করতে শুরু করে ?

5. How far did Humanism create a secular vision of life ? To what extent was it reflected in Renaissance painting and sculptures ? 10 + 10

মানবতাবাদী চেতনা কতটা একটি ধর্মনিরপেক্ষ জীবনবোধ সৃষ্টি করেছিল ? কিভাবে তা রেনেসাঁস চিত্রাঙ্কন ও ভাস্কর্যশিল্পে প্রতিফলিত হয়েছিল ?

6. Would you agree that the foundation of the Tudor Monarchy by Henry VII may be termed as a 'new monarchy' ?

সপ্তম হেনরী কর্তৃক টিউডর রাজতন্ত্রের প্রতিষ্ঠাকে কি 'নব্য রাজতন্ত্র' বলা চলে ?

7. Make an assessment of the contribution of Martin Luther to the relative success of the reformation in Germany.

জার্মানীতে ধর্মসংস্কার আন্দোলনের তুলনামূলক সাফল্যের পশ্চাতে মার্টিন লুথারের অবদানের মূল্যায়ন করুন।

8. Would you agree with G.R. Elton that the English reformation was primarily 'an act of the state' ?

জি. আর. এলটনের সঙ্গে আপনি কি সহমত যে ইংল্যান্ডের ধর্মসংস্কার আন্দোলন ছিল মূলত 'এক রাষ্ট্রীয় পদক্ষেপ' ?

9. What do you mean by 'Scientific Revolution' ? How far did it contribute to the secularization of European mind ? 8 + 12

'বিজ্ঞান বিপ্লব' বলতে কি বোঝেন ? তৎকালীন ইউরোপে ধর্মনিরপেক্ষ মানসিকতা গঠনে এটি কতখানি সহায়ক হয়েছিল ?

10. Analyse the nature of the 'English Civil War'.

'ইংল্যাণ্ডের গৃহযুদ্ধের' প্রকৃতি বিশ্লেষণ করুন।

(OLD SYLLABUS)

Answer Question No. **1** and any *four* of the rest.

১নং প্রশ্ন এবং অন্য যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন।

Group – A

বিভাগ - ক

1. Answer any *four* of the following questions : 4 × 5 = 20

যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন :

a) What is meant by the 'Tribute system' ?

নজরানা প্রথা বলতে কি বোঝায় ?

b) Write a short note on the Treaty of Nanking.

নানকিং চুক্তির উপর একটি সংক্ষিপ্ত টীকা লিখুন।

c) What were the causes of the failure of the Taiping rebellion ?

তাইপিং বিদ্রোহের ব্যর্থতার কারণগুলি কি কি ছিল ?

d) Write a note on Yenan experiment.

'ইয়েনান' পরীক্ষার বিষয়ে একটি টীকা লিখুন।

e) What do you mean by the Shogunate in Japanese history ?

জাপানের ইতিহাসে শোগুনতন্ত্র বলতে কি বোঝেন ?

f) Write a note on the 'Open Door' policy in Japan.

জাপানের 'মুক্ত দ্বার' নীতির উপর একটি টীকা লিখুন।

g) How did Zaibatsu rise in Japan ?

জাপানে 'জাইবাৎসু'র উত্থান কিভাবে হয়েছিল ?

h) Analyse the background of the Washington Conference (1921-22).

ওয়াশিংটন সম্মেলনের (1921-22) প্রেক্ষাপট বিশ্লেষণ করুন।

Group – B

বিভাগ - খ

Answer any *four* of the following questions. 4 × 20 = 80

যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন।

2. Discuss the nature of gentry control on the agrarian economy of pre-modern China. How was the control reinforced by Ching system of administration ? 10 + 10

প্রাক্-আধুনিক চীনের কৃষি অর্থনীতির উপর জেন্ট্রি নিয়ন্ত্রণের প্রকৃতি আলোচনা করুন। চিং প্রশাসনিক ব্যবস্থার দ্বারা এই নিয়ন্ত্রণ কিভাবে আরো জোরালো হয়ে ওঠে ?

3. Was the Tung Chih restoration a real restoration ?

তুংচি পুনঃস্থাপন কি যথার্থ পুনঃস্থাপন ছিল ?

4. How would you explain the weaknesses in the process of Chinese industrialisation in the early 20th century ?

বিংশ শতাব্দীর গোড়ার দিকে চীনের শিল্পায়ন প্রক্রিয়ার দুর্বলতাগুলি আপনি কিভাবে ব্যাখ্যা করবেন ?

5. Discuss the factors behind the rise of Warlordism in China in the early 20th century.

বিংশ শতাব্দীর প্রথমদিকে চীনের 'সমরনায়কতন্ত্র' উত্থানের কারণগুলি আলোচনা করুন।

6. What were the far-reaching effects of the May Fourth movement in the history of China ?

চীনের ইতিহাসে মে ফোর্থ আন্দোলনের সুদূরপ্রসারী ফলাফল কি কি ছিল ?

7. Discuss the role of the state in Japan's economic development in the late 19th century.

উনবিংশ শতকের শেষার্ধে জাপানের অর্থনৈতিক উন্নয়নে রাষ্ট্রের ভূমিকা আলোচনা করুন।

8. Bring out the salient features of Japan's Constitution of 1889. What was its character ? 10 + 10

1889 সালের জাপানের সংবিধানের বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। এটির প্রকৃতি কি ছিল ?

9. Discuss the background and effects of the Sino-Japanese war of 1894-1895.

1894-1895 সালের চীন-জাপান যুদ্ধের পটভূমিকা এবং ফলাফল আলোচনা করুন।

10. Account for the Japanese takeover of Manchuria in 1931-1932.

1931-1932-এ জাপান কর্তৃক মাঞ্চুরিয়া অধিগ্রহণের কারণগুলি লিখুন।